# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৭১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬১. কুরআন মাজিদের কিরা'আতের মধ্যে 'তারতিল' সম্পর্কে।

باب اسْتِحْبَابِ التَّرْتِيلِ فِي الْقِرَاءَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى بْنُ حَمَّادٍ، حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْوَرْدِ، قَالَ سَمِعْتُ ابْنَ أَبِي مُلَيْكَةَ، يَقُولُ قَالَ عُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي يَزِيدَ مَرَّ بِنَا أَبُو لُبَابَةَ فَاتَّبَعْنَاهُ حَتَّى دَخَلَ بَيْتَهُ فَدَخَلْنَا عَلَيْهِ فَإِذَا رَجُلٌ رَثُّ الْبَيْتِ رَثُّ الْهَيْئَةِ فَسَمِعْتُهُ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " لَيْسَ مِنَّا مَنْ لَمْ يَتَغَنَّ بِالْقُرْآنِ " . قَالَ فَقُلْتُ لاِبْنِ أَبِي مُلَيْكَةَ يَا أَبَا مُحَمَّدٍ أَرَأَيْتَ إِذَا لَمْ يَكُنْ حَسَنَ الصَّوْتِ قَالَ يُحَسِّنُهُ مَا اسْتَطَاعَ .

বাংলা

১৪৭১. আবদুল আলা ইবন হাম্মাদ, আব্দুল জাব্বার ইবনুল ওযারদ (রহঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি ইবন আবু মুলায়কাকে বলতে শুনেছি, উবায়দুল্লাহ ইবন আবু য়াযীদ বলেছেন, একদা আবু লুবাবা (রাঃ) আমার পার্শ্ব দিয়ে গমনকালে আমি তাঁকে অনুসরণ করতে থাকি। ঐ সময় তিনি তাঁর ঘরে প্রবেশ করলে আমিও তথায় প্রবেশ করি। সেখানে আমি শীর্ণদেহ ও জীর্ণ বস্ত্র পরিহিত অবস্থায় এক ব্যক্তিকে বলতে শুনি, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ ঐ ব্যক্তি আমাদের দলভুক্ত নয়, যে স্পষ্টভাবে উত্তম সুরে কুরআন পাঠ করে না। রাবী বলেনঃ তখন আমি আবু মুলায়কাকে বলি, যে আবু মুহাম্মাদ! যদি কেউ এরূপে মধুর স্বরে তা পাঠ না করতে পারে? তিনি বলেন, সে ব্যক্তি তার সাধ্যানুযায়ী তা উত্তমরূপে তিলাওয়াতের চেষ্টা করবে।

## English

Narrated AbuLubabah:

Ubaydullah ibn Yazid said: AbuLubabah passed by us and we followed him till he entered his house, and we also entered it.

There was a man in a rusty house and in shabby condition. I heard him say: I

heard the Messenger of Allah (ﷺ) say: He is not one of us who does not chant the Qur'an.

I (the narrator AbdulJabbar) said to Ibn AbuMulaykah: AbuMuhammad, what do you think if a person does not have pleasant voice? He said: He should recite with pleasant voice as much as possible.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=33352

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন